



ইরানের আলোচক দলের প্রধান গালিবায়ের পদত্যাগ



মোহাম্মদ বাঘের গালিবায়। ছবি: সংগৃহীত

ইরানের আলোচক দলের নেতৃত্বে পরিবর্তন এসেছে। দেশটির পার্লামেন্ট (মজলিস) স্পিকার এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান শান্তি আলোচনা দলের প্রধান মোহাম্মদ বাঘের গালিবায় পদত্যাগ করেছেন বলে জানিয়েছে লন্ডনভিত্তিক সংবাদমাধ্যম ইরান ইন্টারন্যাশনাল।

শুক্রবার (২৪ এপ্রিল) প্রকাশিত এক প্রতিবেদনে গণমাধ্যমটি জানায়, অভ্যন্তরীণ মতপার্থক্যের জেরে গালিবায় এই সিদ্ধান্ত নিতে বাধ্য হন। বিশেষ করে ওয়াশিংটনের সঙ্গে আলোচনায় পারমাণবিক ইস্যু যুক্ত করার চেষ্টা তাকে সমালোচনার মুখে ফেলে এবং শেষ পর্যন্ত পদত্যাগের দিকে ঠেলে দেয়।

প্রতিবেদনে আরও বলা হয়, আলোচক দলের নেতৃত্বে কটরপন্থি রাজনীতিক সাঈদ জালিলি আসতে পারেন। একই সঙ্গে পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচিও আলোচনার দায়িত্ব নেওয়ার আগ্রহ দেখিয়েছেন বলে জানা গেছে।

উল্লেখ্য, ইরানের ইসলামিক প্রজাতন্ত্রী শাসনব্যবস্থার কড়া সমালোচক হিসেবে পরিচিত ইরান ইন্টারন্যাশনাল। এই কারণে তেহরান সরকারের পক্ষ থেকে গণমাধ্যমটির ওপর নানা বিধিনিষেধ আরোপ করা হয়েছে।